মেহেরপুরে স্বতন্ত্র নার্সিং প্রশাসন বিলুপ্ত করার প্রতিবাদে মানববন্ধন

স্বতন্ত্র নার্সিং প্রশাসন বিলুপ্ত করে ভিন্ন অধিদপ্তরে একীভূত করার প্রতিবাদে মানববন্ধন করেছে বাংলাদেশ নার্সেস অ্যাসোসিয়েশন, মেহেরপুর শাখা।

আজ বৃহস্পতিবার দুপুর তিনটার দিকে মেহেরপুর জেনারেল হাসপাতালের সামনে এ মানববন্ধন কর্মসূচি অনুষ্ঠিত হয়।

মানববন্ধনে নেতৃত্ব দেন বাংলাদেশ নার্সেস অ্যাসোসিয়েশনের মেহেরপুর জেলা শাখার সভাপতি চামেলি ইয়াসমিন। এ সময় বক্তব্য দেন সহ-সভাপতি আসাদুল হক, সাধারণ সম্পাদক তুষার বিশ্বাস, স্বাস্থ্য পরিদর্শক ও মিডওয়াইফারি প্রতিনিধি আমেনা খাতুন, সুশিলা মণ্ডল, সুজন সরকারসহ সংগঠনের বিভিন্ন স্তরের নেতৃবৃন্দ।

বক্তারা বলেন, ৪৮ বছরের ঐতিহ্য, অর্জন ও প্রশাসনিক স্বাতন্ত্র্য বহনকারী নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরকে বিলুপ্ত করে অন্য অধিদপ্তরে একীভূত করার উদ্যোগ নার্সদের পেশাগত মর্যাদা ও স্বাধীনতার ওপর সরাসরি আঘাত। তারা এ ধরনের পদক্ষেপের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানান।

বক্তারা আরও বলেন, “স্বতন্ত্র নার্সিং প্রশাসন বিলুপ্তির এই অশুভ উদ্যোগ রুখে দিতে আমরা সর্বোচ্চ ত্যাগ স্বীকার করতে প্রস্তুত।” একই সঙ্গে তারা পেশার বিদ্যমান জটিলতা নিরসন ও বাংলাদেশ নার্সেস অ্যাসোসিয়েশনের উপস্থাপিত দাবিগুলোর দ্রুত বাস্তবায়নের আহ্বান জানান।

মানববন্ধনে জেলা শাখার বিভিন্ন স্তরের নার্স ও মিডওয়াইফরা অংশগ্রহণ করেন।

ঝিনাইদহে কৃষকদল নেতার বিরুদ্ধে অপপ্রচারের প্রতিবাদে মানববন্ধন

ঝিনাইদহে কৃষকদল নেতা মানিক মোল্লার বিরুদ্ধে সামাজিক যোগাযোগমাধ্যমে অপপ্রচারের প্রতিবাদে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে। বুধবার সকালে শহরের মধুপুর চৌরাস্তায় এই কর্মসূচির আয়োজন করে সদর উপজেলার ভূপাতিপুর গ্রামবাসী।

মানববন্ধনে ব্যানার ও ফেস্টুন হাতে নিয়ে জেলা, উপজেলা ও ইউনিয়ন কৃষকদলের নেতাকর্মীসহ স্থানীয় এলাকাবাসী অংশ নেন।

ঘণ্টাব্যাপী চলা এ কর্মসূচিতে বক্তারা অভিযোগ করেন, সদর উপজেলার পোড়াহাটি ইউনিয়ন কৃষকদল নেতা মানিক মোল্লার বিরুদ্ধে একটি মহল উদ্দেশ্য প্রণোদিতভাবে মিথ্যা অপপ্রচার চালাচ্ছে। ‘অগ্রযাত্রা প্রতিদিন’ নামের একটি ভুয়া ফেসবুক আইডি থেকে মানিক মোল্লার নামে বিভ্রান্তিকর তথ্য প্রচার করা হচ্ছে বলে তারা জানান।

বক্তারা বলেন, রাজনৈতিকভাবে হেয় করার উদ্দেশ্যে এ ধরনের অপপ্রচার চালানো হচ্ছে। তারা অপপ্রচারের সঙ্গে জড়িতদের শনাক্ত করে আইনের আওতায় আনার দাবি জানান।

মানববন্ধনে বক্তব্য রাখেন জেলা কৃষকদলের যুগ্ম আহ্বায়ক আব্দুর রশিদ বাবলু ও লাবলুর রহমান বাবলু, সদর উপজেলা কৃষকদলের সদস্য সচিব আবু জাফর, যুগ্ম আহ্বায়ক মাফিরুল ইসলাম, ভূপতিপুর মারকাজ মসজিদের খতিব মুফতি আব্দুস সালাম, পোড়াহাটি ইউনিয়ন কৃষকদলের সভাপতি আলমগীর হোসেন আলমসহ আরও অনেকে।

ঝিনাইদহে খুচরা সার

বিক্রেতাদের মানববন্ধন ও স্মারকলিপি পেশ

খুচরা সার বিক্রেতাদের বহাল রাখা ও টিও লাইসেন্সের দাবিতে ঝিনাইদহে মানববন্ধন কর্মসূচী পালিত হয়েছে।

আজ মঙ্গলবার সকালে শহরের পোস্ট অফিস মোড়ে এ কর্মসূচীর আয়োজন করে খুচরা সার বিক্রেতা এ্যাসোসিয়েশন অব বাংলাদেশ। এতে ব্যানার ফেস্টুন নিয়ে ঝিনাইদহের ৬ উপজেলার বিভিন্ন এলাকার খুচরা সার বিক্রেতারা অংশ নেয়।

কর্মসূচীতে সংগঠনটির জেলা শাখার সভাপতি সাইমুর রহমান বাদশা, সাধারণ সম্পাদক জাকির হোসেন পান্নু, ব্যবসায়ী সাইদুর রহমান, উজ্জল হোসেন, জিল্লুর রহমান, হারুন-অর রশিদসহ উপজেলা শাখার নেতৃবৃন্দ বক্তব্য রাখেন।

সেসময় বক্তারা বলেন, সম্প্রতি কৃষি উপদেষ্টা এক সংবাদ সম্মেলনে জানিয়েছেন দেশের খুচরা সার বিক্রেতাদের লাইসেন্স স্থগিত করা হবে। এটা বাস্তবায়ন হলে দেশের ৪৪ হাজার ব্যবসায়ী ও তাদের পরিবারসহ ৫ কোটি কৃষক সরাসরি ক্ষতিগ্রস্থ হবে। যার নেতিবাচক প্রতিক্রিয়া দেশের তৃণমুলে পড়বে।

তাই এ সিদ্ধান্ত বাস্তবায়ন না করার আহ্বান জানানো হয়। পরে জেলা প্রশাসকের মাধ্যমে কৃষি সচিব বরাবর স্মারকলিপি পেশ করেন ব্যবসায়ীরা।

দর্শনায় জমি দখল ও প্রাণনাশের হুমকির প্রতিবাদে মানববন্ধন

চুয়াডাঙ্গা জেলার দর্শনা ঘুঘু ডাঙ্গায় ৫ দিন ধরে ৩টি পরিবার অবরুদ্ধ অবস্থায় রয়েছে। ফলে তারা ঘর থেকে বের হতে পারছেন না এবং স্কুল ও মাদরাসায় যেতে পারছে না মমিনসহ ওই তিনটি পরিবারের

সদস্যরা।

সেলিম কসাই ও নাসির কসাই গংয়ের বিরুদ্ধে জমি দখল ও প্রাণনাশের হুমকির অভিযোগ তুলে ভুক্তভোগী পরিবারের পক্ষ থেকে এক মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার বিকেলে দর্শনা পুরাতন বাজার দোয়েল চত্বরে এ মানববন্ধনে ভুক্তভোগী পরিবারসহ এলাকাবাসী অংশ নেন।

ভুক্তভোগী মমিন অভিযোগ করে বলেন, আমাদের পৈতৃক জমি দীর্ঘদিন ধরে সেলিম কসাই ও নাসির কসাই গং দখল করার চেষ্টা চালিয়ে যাচ্ছে। প্রতিবাদ করায় আমাদের পরিবারকে নিয়মিতভাবে প্রাণনাশের হুমকি দেওয়া হচ্ছে।

মানববন্ধনে উপস্থিত ছিলেন ইয়াছিন, জোসনা, ফাতেমা, রনি, জাহিদুল, খাদিজা, লামিয়া, আব্দুল্লাহ ও রানা সহ ভুক্তভোগী পরিবারের অন্যান্য সদস্যরা।

মানববন্ধনে বক্তারা বলেন, আমরা ন্যায়বিচার চাই। প্রশাসনের হস্তক্ষেপের মাধ্যমে জমি উদ্ধার ও নিরাপত্তা নিশ্চিত করতে হবে। স্থানীয়রা অভিযোগের সুষ্ঠু তদন্তপূর্বক অভিযুক্তদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়ার দাবি জানান।

এ বিষয়ে দর্শনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. শহীদ তিতুমীরের সঙ্গে মোবাইলে যোগাযোগের চেষ্টা করা হলে তিনি ফোন রিসিভ করেননি।

ঝিনাইদহে নারীদের নিরাপত্তার দাবিতে মানববন্ধন

ঢাকা স্ট্রিম এর মিডিয়া কর্মী স্বর্ণময়ীর আত্মহত্যা প্ররোচনায় দায়ীদের শাস্তি ও কর্মস্থলে নারীদের নিরাপত্তার দাবিতে ঝিনাইদহে মানববন্ধন কর্মসূচি পালিত হয়েছে।

বৃহস্পতিবার (২৩ অক্টোবর) সকালে ঝিনাইদহ পোস্ট অফিস মোড়ে

বিক্ষুব্ধ সামাজিক ও সংস্কৃতি কর্মীদের উদ্যোগে এ মানববন্ধন কর্মসূচির আয়োজন করা হয়।

প্রফেসর সুষেন্দু কুমার ভৌমিকের সভাপতিত্বে মানববন্ধন কর্মসূচিতে সংহতি প্রকাশ করে বক্তব্য রাখেন সংস্কৃতি কর্মী শাহিনুর আলম লিটন, উপাধ্যক্ষ(অব:) আব্দুস সালাম, এ্যাড. আসাদুজ্জামান, সমাজকর্মী গাউস গোর্কি, বিএম আনোয়ার, রওশন আরা লিনা, শামীম আহমেদ, রেল আব্দুল্লাহসহ মানবাধিকার কর্মী, নারী নেত্রী, বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনের প্রতিনিধিবৃন্দ প্রমুখ।

উল্লেখ্য যে,গত ১৮ আক্টোবর ঢাকা স্ট্রিম অনলাইন মিডিয়া হাউজের নারী কর্মী ঝিনাইদহের মেয়ে স্বর্ণময়ী বিশ্বাস একই প্রতিষ্ঠানের বাংলা বিভাগের প্রধান আলতাফ শাহনেওয়াজ নয়ন ওরফে নির্লিপ্ত নয়ন এর যৌণ নিপিড়নের শিকার হয়ে শেরেবাংলা নগর নিজ বাসায় আত্মহত্যা করে। এ আত্মহত্যা নিয়ে সামাজিক যোগাযোগ মাধ্যমসহ বিভিন্ন মাধ্যমে সমালোচনার ঝড় উঠে। এই নয়নও ঝিনাইদহ শহরের হামদহ এলাকার লিয়াকত হোসেন ছেলে। মানববন্ধনে বক্তারা এই আত্মহত্যার সুষ্ঠু তদন্তপূর্বক হত্যার প্ররোচনাকারীদের চিহ্নিত করে দ্রুত আইনের আওতায় আনার দাবি জানান এবং কর্মস্থলে নারী সহকর্মীদের প্রতি পুরুষ সহকর্মীদের দুর ব্যবহার ও যৌনাকাঙ্খার প্রতি তীব্র নিন্দা জানান এবং নারী কর্মীদের কর্মস্থলে নিরাপত্তার দাবি জানান।

ঝিনাইদহ ৮দফা দাবিতে সিএইচসিপিদের মানববন্ধন

বকেয়া বেতনভাতা পরিশোধ ও সকল বৈষম্য নিরসনসহ ৮দফা দাবিতে ঝিনাইদহে মানববন্ধন কর্মসূচি পালন করেছে কমিউনিটি ক্লিনিক হেলথ কেয়ার প্রোভাইডার (সিএইচসিপি) এসোসিয়েশন খুলনা বিভাগীয় শাখা।

বুধবার (২২ অক্টোবর) বিকালে সদর উপজেলা স্বাস্থ্য কমপ্লেসের সামনে তারা এই কর্মসূচি পালন করে।

সংগঠনের ঝিনাইদহ জেলা শাখার সমন্বয়ক আশরাফুল ইসলামের সভাপতিত্বে মানববন্ধনে বক্তব্য রাখেন খুলনা বিভাগীয় কমিটির সভাপতি তারিকুজ্জামান, সাধারণ সম্পাদক খাইরুল হাসান খান, যশোর জেলার সভাপতি আসলাম উদ্দিনসহ খুলনা বিভাগের ১০টি জেলার সভাপতি-সাধারণ সম্পাদকসহ ঝিনাইদহের সকল সিএইচসিপিরা।

মানববন্ধন থেকে তারা ২০২৪ সালের জুলাই মাস থেকে ১৫ মাসের বকেয়া বেতন পরিশোধ, ১বছর মেয়াদি ইন সার্ভিস ট্রেনিং, ১২তম গ্রেডে উন্নীতকরণ, সাধারণ ভবিষ্যৎ তহবিল চালু, চাকরি প্রবিধানমালা প্রনয়ণ, নিয়মিত ইনক্রিমেন্টসহ বেতন কাঠামো তৈরি, ২৩ সালে নিয়োগকৃতদের দ্রুত বেতনভাতা চালু, ক্লিনিকে রক্ষণাবেক্ষণ ও মেরামতের জন্য বরাদ্দের দাবি করা হয়।

ঝিনাইদহে ৭ দফা দাবীতে সওজ কর্মচারীদের মানববন্ধন

ঝিনাইদহে ৭ দফা দাবী বাস্তবায়নে মানববন্ধন ও বিক্ষোভ মিছিল করেছে সড়ক ও জনপথ বিভাগের কর্মচারীরা। সোমবার সকালে সড়ক বিভাগের সামনে শ্রমিক ইউনিয়নের কেন্দ্রীয় কর্মসূচীর অংশ হিসেবে মানববন্ধন ও বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়।

এতে ব্যানার ফেস্টুন নিয়ে সংগঠনের নেতাকর্মী ছাড়াও শ্রমিকরা অংশ নেয়। ঘন্টাব্যাপী চলা এই কর্মসূচীতে জেলা শ্রমিক দলের সভাপতি নুরুল ইসলাম, সাধারণ সম্পাদক টোকন জোয়ার্দ্দার, সহ-সভাপতি সিবলু মিয়া, পৌর শ্রমিক দলের সাধারণ সম্পাদক ইউসুপ হোসেন কাজল, সড়ক ও জনপথ শ্রমিক ইউনিয়নের সভাপতি তাজুল ইসলাম, সহ-সভাপতি শরিফুল ইসলাম, সাধারণ সম্পাদক গোলাম কিবরিয়া, সাংগঠনিক সম্পাদক শহিদুল ইসলামসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

বক্তারা, বয়স-শিক্ষাগত যোগ্যতা শিথিল করে চাকুরী রাজস্বকরণ, মাস্টাররোল শ্রমিক কর্মচারীদের সাময়িক শ্রমিক নীতিমালায় অন্তর্ভুক্ত বন্ধ, ২৭ ও ৭ মামলায় অন্তর্ভূক্ত শ্রমিক কর্মচারীদের ১ম যোগদানের তারিখ থেকে দ্রুত পেনশন নীতিমালা চুড়ান্তসহ ৭ দফা

দ্রুত বাস্তবায়নের দাবী জানান। পরে সেখান থেকে একটি বিক্ষোভ মিছিল বের করা হয়।

দর্শনায় কেরু’র অবসরপ্রাপ্ত শ্রমিকদের মানববন্ধন ও স্বারকলিপি পেশ

চুয়াডাঙ্গার দর্শনায় কেরু’র অবসরপ্রাপ্ত শ্রমিক ও কর্মচারীরবৃন্দ ৩ দফা দাবীতে মানববন্ধন, বিক্ষোভ সমাবেশ ও স্মারকলিপি প্রদান করে।

বিগত সরকারের বৈষম্যের স্বীকার বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন (বিএসএফআইসি) এর অবসরপ্রাপ্ত শ্রমিক, কর্মচারী ও কর্মকর্তাদের গ্র্যাচুইটিসহ অন্যান্য পাওনাদি পরিশাধের দাবিতে এই মানববন্ধন, বিক্ষোভ সমাবেশে ও শিল্প উপদেষ্টা বরাবর স্মারকলিপি প্রদান করে।

রবিবার বেলা সাড়ে ১১টার দিকে চুয়াডাঙ্গার কেরু এ্যান্ড কোম্পানির জেনারেল অফিসের সামনে কেরু’র অবসরপ্রাপ্ত শ্রমিক ও কর্মচারী কল্যাণ সংস্থার আয়োজনে কেরু’র অবসরপ্রাপ্ত শ্রমিক ও কর্মচারী কল্যাণ সংস্থার সভাপতি হাফিজুর রহমানের সভাপতিত্বে এই মানববন্ধন ও বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়।

এসময় বক্তব্য রাখেন, জাতীয় গণ ফ্রন্টের মূখ্য সমন্বয়ক ও কৃষক ক্ষেতমজুর সমিতির সভাপতি কমরেড টিপু বিশ্বাস, জাতীয় গণতান্ত্রিক শ্রমিক ফেডারেশনের সভাপতি কামরুজ্জামান ফিরোজ, শ্রমিক নেতা- শাহ আলম, জুলফিকার হায়দর জুলু, জাহাঙ্গীর আলম লুল্লু সহ আরও অনেকে।

এসময় বক্তারা, আমাদের অবসরপ্রাপ্তদের গ্র্যাচুইটির বকেয়া পাওনা ক্ষতিপূরণসহ সমূদয় অর্থ পরিশোধ করতে হবে। সরকারি নির্দেশ অনুযায়ী অবসরপ্রাপ্তদের উৎসব বোনাস, বৈশাখী এবং চিকিৎসা ভাতা প্রদান করতে হবে। অবসরপ্রাপ্তদের গ্র্যাচুইটির ২০% অর্থ প্রদান

সংক্রান্ত বোর্ড সিদ্ধান্ত বাতিল করতে হবে। আর তা না হলে আমরা রাজপথে নেমে কঠোর থেকে কঠোর আন্দোলন করবো।

এরপর কেরু এ্যান্ড কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক রাব্বিক হাসান ও দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তার হাতে শিল্প উপদেষ্টা বরাবর স্মারকলিপি প্রদান করে।

শৈলকুপায় শিক্ষকের বিরুদ্ধে মিথ্যা মামলার প্রতিবাদে মানববন্ধন

ঝিনাইদহের শৈলকুপায় একটি মাদ্রাসার দুই শিক্ষকের বিরুদ্ধে মিথ্যা মামলার প্রতিবাদে মানববন্ধন কর্মসূচি পালিত হয়েছে।

রোববার (১৯অক্টোবর) সকালে উপজেলার পদমদী গ্রামের মাদরাসাতুস সুন্নাহ এন্ড ইসলামিক স্কুলের সামনে এ কর্মসূচির আয়োজন করে অভিভাবক ও শিক্ষার্থীরা। এতে ব্যানার ফেস্টুন নিয়ে ওই মাদ্রাসার শিক্ষক, শিক্ষার্থী, অভিভাবক ও এলাকাবাসী অংশ নেয়।

ঘন্টাব্যাপী চলা এই কর্মসূচীতে মাদ্রাসার শিক্ষক সাদিক হোসেন, অভিভাবক আবু দাউদ, বুলবুল আহম্মেদসহ শিক্ষার্থীরা বক্তব্য রাখেন।

কর্মসূচি থেকে অভিযোগ করা হয়, মাদ্রাসার পরিচালক ইমরান হোসেন ও শিক্ষক জাকির হোসেনের বিরুদ্ধে ৩ ছাত্রকে বলৎকার করার মিথ্যা অভিযোগে মামলা করা হয়েছে। বর্তমানে তারা কারাগারে আছে। যে কারণে মাদ্রাসার শিক্ষা কার্যক্রম বন্ধ রয়েছে। এতে অনিশ্চিত হয়ে পড়েছে মাদ্রাসার ২ শতাধিক শিক্ষার্থীর শিক্ষাজীবন। বক্তাদের অভিযোগ, মাদ্রাসাটির কার্যক্রম বন্ধ করতে স্থানীয় একটি মহল এই চক্রান্ত করে মামলা করিয়েছে। তাই দ্রুত মামলা প্রত্যাহারের দাবী জানান তারা। এ দাবী মানা না হলে সড়ক অবরোধসহ কঠোর কর্মসূচি ঘোষণারা হুশিয়ারি দেন মানববন্ধনে অংশ নেওয়া অভিভাবক ও শিক্ষকরা।

বেতন বৃদ্ধিসহ চারদফা দাবিতে মেহেরপুরে হরিজন সম্প্রদায়ের মানববন্ধন

বেতন কাঠামো পুনর্নির্ধারণ করে তা বর্তমান সময়ের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ করা, চাকরি থেকে অব্যাহতি না দেওয়াসহ চারদফা দাবিতে মেহেরপুরে মানববন্ধন করেছে হরিজন সম্প্রদায়। আজ বৃহস্পতিবার দুপুর সাড়ে ১২টার দিকে মেহেরপুর প্রেসক্লাবের সামনে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়।

মানববন্ধনে নেতৃত্ব দেন হরিজন সম্প্রদায় ঐক্য পরিষদের সভাপতি বাচ্চু বাঁশফোড়। এতে আরও উপস্থিত ছিলেন সংগঠনের সাধারণ সম্পাদক শ্রী স্বপন ভূইমালি, হরিজন যুবক ঐক্য পরিষদের মেহেরপুর জেলা শাখার সাধারণ সম্পাদক শ্রী অমিত কুমার, বিনদ, দ্বীপকসহ হরিজন সম্প্রদায়ের বিভিন্ন স্তরের নারী-পুরুষ।

বক্তারা বলেন, বর্তমান সময়ে যে বেতন পাই, তা দিয়ে সংসার চালানো সম্ভব নয়। জীবনযাত্রার ব্যয় বৃদ্ধি পাওয়ায় বেতনও সময়োপযোগী হারে বাড়াতে হবে।

তারা আরও দাবি জানান, পৌরসভার কোনো পরিচ্ছন্নতা কর্মীকে চাকরি থেকে অব্যাহতি না দেওয়া, পরিচ্ছন্নতা কর্মীদের জন্য উপযুক্ত বাসস্থানের ব্যবস্থা করা, কর্মরত অবস্থায় দুর্ঘটনার শিকার হলে চিকিৎসা সেবা নিশ্চিত করা, এবং বেতন কাঠামো পুনর্নির্ধারণ করে তা বর্তমান সময়ের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ করা।

বক্তারা আরও জানান, হরিজন সম্প্রদায় শহরের পরিচ্ছন্নতা রক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখলেও তাদের ন্যায্য অধিকার এখনো নিশ্চিত হয়নি। তারা দ্রুত চারদফা দাবি বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেন।

সতর্ক করে বক্তারা বলেন, দাবিগুলো শিগগিরই পূরণ না হলে আগামী দিনে আরও কঠোর কর্মসূচি ঘোষণা করা হবে।